**কমান্ডার মহোদয়ের দিক নির্দেশনা**

১. এখন থেকে কারো অনুপুস্থিতিতে তাকে নিয়ে কোনো প্রকার আলোচনা হবে না। যা বলার সামনা সামনি বলার অভ্যাস গড়ে তুলতে হবে । কারো দোষ গুণ নিয়ে কথা বললে তার সামনে বলা উচিত। এ থেকে সে শিক্ষা নিয়ে নিজেকে সুধরানোর অবকাশ পাবে।

২. সবকিছু পজিটিভ দৃষ্টিভঙ্গি তে গ্রহণ করতে হবে। উপর থেকে কোনো আদেশ আসলে তার ইতিবাচক দিক গুলো সবার সামনে তুলে ধরতে হবে।

৩. নিজের ভুল স্বীকার করতে হবে। ভুল করলে এক কথায় স্বীকার করা বাঞ্চনীয়। মিথ্যার আশ্রয় নেয়া যাবে না। ১ টা ভুল ঢাকতে ১০ টা মিথ্যা কথা বলে নিজের বিপদ না ডেকে আনা ই উত্তম।

৪.যারা সৈনিক লাইনে থাকে তাদের জন্য রাতে বাইরে রাত্রিযাপন সসম্পূর্ণ নিষেধ। এটার জন্য কঠোর শাস্তির ব্যবস্থা করা হবে।

৫. আইপিএফটি খুব কড়াভাবে দেখা হবে। একবার ফেইল করলে দ্বিতীয় সুযোগ নাও পেতে পারো।

৬. কমান্ডার থেকে কোনো আদেশ, নির্দেশ বা কল যদি কারো কাছে যে কোনো সময় যে কোনো জায়গায় আসে সেটা অবশ্যই সিও কে অবগত করতে হবে।

৭. সবাই চেইন অব কমান্ড ফলো করবে সব ধরণের কাজের ক্ষেত্রে।

৮. ব্যাটালিয়নের ভিতর কোন ভাবেই কোনো প্রকার বিশৃঙ্খলা, উচ্চ বাচ্য কিংবা হাতাহাতি গ্রহণযোগ্য নয়।

৯. কোনো জুনিয়র কে কেউ কোনো অনৈতিক আদেশ দিবে না। আর এমন আদেশ আসলে সেটা অবশ্যই উর্ধত্বন কর্মকর্তা কে অবগত করতে হবে।

১০.সব ধরণের ভালো কাজের জন্য পুরস্কৃত এবং শৃঙ্খলা বহির্ভূত কাজের জন্য শাস্তির আওতায় আনা হবে।

১১. সবাই যথাসময়ে খাবার খাবে। এটা মেস সিকিউ নিশ্চিত করবে।

১২. সকল প্রকার সিগনাল ইকুইপমেন্ট সর্বদা ব্যবহারের উপযোগী থাকবে।

১৩. আবহাওয়ার পরিবর্তন ঘটছে। ব্যাটালিয়নের নিরাপত্তা নিশ্চিত করার দায়িত্ব সবার সমান। ব্যাটালিয়নের রেশন স্টোর, ক্লোদিং স্টোর, প্রাইভেট স্টোর, এটিজি স্টোর , এ্যামো স্টোর, কোত সহ সবধরণের গুরুত্বপূর্ণ অবকাঠামোর নিরাপত্তা নিশ্চিত করতে হবে। দুর্যোগ কালীন সময়ে কোনো প্রকার ক্ষয়ক্ষতি যাতে না হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

**<u>সিভিল পাওয়ারের সহায়তায় অপারেশনের জন্য নির্দেশনাবলী</u>**

১। যেকোনো ধরনের পূর্ব পরিকল্পনা সম্পন্ন অপারেশন পরিচালনার জন্য অবশ্যই ব্রিগেড সদর দপ্তর থেকে নির্বাহী নির্দেশনা গ্রহণ করতে হবে।

২। সকল আইন প্রয়োগকারী সংস্থার (LEAs) সাথে ঘনিষ্ঠ সমন্বয় রাখা বাঞ্চনীয় এবং তা সচল রাখতে হবে।

৩। নিয়মিত ব্রিফিংয়ের আয়োজন করতে হবে, বিশেষ করে যারা টহল ডিউটি/স্ট্যাটিক পোস্ট ডিউটিতে যাচ্ছেন তাদের জন্য। ব্রিফিং একই ধরনের হলেও এটি আবশ্যক।

৪। যেকোনো পরিস্থিতিতে যানবাহন দুর্ঘটনা গ্রহণযোগ্য নয়।

৫। কোনো সামরিক যানবাহন কোনো বেসামরিক যান/গাড়ি/মোটরসাইকেলকে ধাওয়া করবে না।

৬। ক্যাম্প কমান্ডাররা ইউনিট কমান্ডারদের মনোবল সবসময় উঁচু রাখতে সচেষ্ট হবেন–ঘনিষ্ঠভাবে মিশে থাকা, একসাথে খাবার খাওয়া, ইনডোর গেমস খেলা ইত্যাদির মাধ্যমে।

**<u>সৈনিক মেসের পরিচ্ছন্নতা</u>**

১। সকল সৈনিক মেস সব সময় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা আবশ্যক।

২। মেস/রান্নাঘরে অপ্রয়োজনীয় কোনো জিনিস রাখা যাবে না।

৩। মেসের চারপাশের এলাকা পরিষ্কার ও সুশৃঙ্খলভাবে রাখতে হবে ।

৪। ফ্রিজগুলি নিয়মিত পরিষ্কার করতে হবে এবং সর্বশেষ পরিষ্কারের তারিখ দৃশ্যমান স্থানে লিখে রাখতে হবে।

৫। সমস্ত রেশন (শুকনা ও তরল) ও মসলা সহ তাদের কন্টেইনার গুলো পরিপাটি ও সুশৃঙ্খলভাবে রাখতে হবে।

৬। ডাইনিং টেবিল ও ক্রোকারিজগুলো পরিষ্কার, গোছানো ও ব্যবহার উপযোগী রাখতে হবে।

৭। রাঁধুনিদের পরিচ্ছন্নতা এবং রান্নাঘরের স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে হবে।